

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮ ১৬
খোয়াই, ২৩ জুলাই, ২০২৪

**খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে
জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ**

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে খোয়াই জেলার অন্তর্গত খোয়াই মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় জনসাধারণের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এই আদেশ আগামী ২৮ জুলাই, ২০২৪ থেকে কার্যকর হবে এবং তা আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। এই সময়ে প্রতিদিন রাত ৮টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে। বিএনএসএস, ২০২৩-এর ১৬৩ নং ধারা অনুযায়ী খোয়াই জেলার জেলাশাসক এই আদেশ জারি করেছেন। তবে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক / আধাসামরিক বাহিনী, রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, খোয়াই জেলার পুলিশ সুপার এবং খোয়াই মহকুমার মহকুমা শাসক প্রদত্ত বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরি সরকারি কাজে নিয়োজিত সরকারি কর্মচারী এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তিগণ এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে বিএনএসএস, ২০২৩-এর ১৬৩ নং ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।
